# এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী
# ২২/২২ খিলজী রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ২০১৯ সনের ৪র্থ (চতুর্থ) সভা গত ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ অপরাহ্ন ৩:০০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | এ জেড এম সাখাওয়াত হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক | আহ্বায়ক |
| ২. | মোঃ গোলাম ফারুখ<br>পরিচালক (কর্মসুচী বাস্তবায়ন ও মান উন্নয়ন) | সদস্য |
| ৩. | মোঃ মাহবুবুল আলম<br>পরিচালক (অর্থ ও ক্রয়) | সদস্য |
| ৪. | মোঃ ইশতিয়াক মাহমুদ<br>মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) | সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট |
| ৫. | মোঃ শহিদ রহমত কাদির<br>মহাব্যবস্থাপক (মানব সম্পদ) | সদস্য |
| ৬. | মোঃ লুৎফর রহমান<br>মহাব্যবস্থাপক (এমইএন্ডএল) | সদস্য |
| ৭. | ফওজিয়া তৌহিদ<br>মহাব্যবস্থাপক (কমিউনিকেশন্স) | সদস্য |

সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জনাব তোয়ারিক্ক ইকবাল, ব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা)।

## সভার আলোচ্যসূচী:

১. ৩০/০৬/১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।
২. এসডিএফ শুদ্ধাচার পুরস্কার প্রদান।
৩. 'জাতীয় শুদ্ধাচার কৌশল' বিষয়ক প্রশিক্ষণ।
৪. এসডিএফ ওয়েবসাইটে (তথ্য বাতায়নে) সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স ও অন্যান্য সেবাবক্স হালনাগাদকরণ এবং তা কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ।
৫. বিবিধ

## আলোচ্যসূচী-১ :

৩০/০৬/১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

### আলোচনার সারসংক্ষেপঃ

**সভার** শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন গত ৩০ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চান। এ পর্যায়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ ২০১৯ সনের ৩০ জুন এ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে উপস্থিত সকল সদস্যদের অবহিত করেন।

### সিদ্ধান্তঃ

৩০/০৬/১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যের সর্বসম্মতিক্রমে গৃহিত হয় এবং গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রশংসা করা হয়।

## আলোচ্যসূচী-২ :

এসডিএফ শুদ্ধাচার পুরস্কার প্রদান ।

### আলোচনার সারসংক্ষেপঃ

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন এসডিএফ শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক আলোচনার অবতারনা করেন এবং উপস্থিত সকল সদস্যের সাথে বিস্তারিত আলোচনা ও মতামত সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্তে উপনীত হন।

### সিদ্ধান্তঃ

এসডিএফ কর্তৃক বর্তমানে বাস্তবায়নাধীন এনজেএলআইপি প্রকল্পে অর্থ প্রাপ্যতা এবং এর কাঠামোগত পরিবর্তনসমূহ সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ সাপেক্ষে ভবিষ্যতে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।

## আলোচ্যসূচী-৩ :

'জাতীয় শুদ্ধাচার কৌশল' বিষয়ক প্রশিক্ষণ।

### আলোচনার সারসংক্ষেপঃ

এ বিষয়ে আলোচনার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন সুশাসন ও জবাবদিহিতা বিভাগ কর্তৃক এসডিএফ প্রধান কার্যালয়ে ১২

জুন ২০১৯ তারিখে আয়োজিত জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ এর উদাহরণ দিয়ে এ ধরনের প্রশিক্ষণ আয়োজনের গুরুত্ব ও আঞ্চলিক পর্যায়ে এ ধরনের প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয়তা নিয়ে উপস্থিত সকল সদস্যের সাথে আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ**

এসডিএফ এর আঞ্চলিক পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ প্রান্তিকভিত্তিতে নিয়মিতভাবে আয়োজিত করা হবে।

## আলোচ্যসূচী-৪ঃ

এসডিএফ ওয়েবসাইটে (তথ্য বাতায়নে) সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স ও অন্যান্য সেবাবক্স  হালনাগাদকরণ এবং তা কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ।

**আলোচনার সারসংক্ষেপঃ**

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন এ বিষয়ে উপস্থিত সকল সদস্যের সাথে আলোচনা করেন। সকলের মতামত সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ**

এসডিএফ এর ওয়েবসাইট (তথ্য বাতায়ন) নির্মাণাধীন থাকায় বর্তমানে সমায়িক ব্যবস্থায়, সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স ও অন্যান্য সেবাবক্স সীমিত আকারে হালনাগাদ করা হচ্ছে। এ সংক্রান্ত প্রয়োজনীয় প্রজ্ঞাপন জারির ব্যবস্থা করতে হবে।

## আলোচ্যসূচী-৫ঃ

**বিবিধ-১ঃ** আঞ্চলিক পর্যায়ে নৈতিকতা কমিটি পুনর্গঠন।

**বিবিধ-১ঃ** নথি বিন্যাসকরণ।

**আলোচনার সারসংক্ষেপঃ**

এ দুটি বিষয়ে বিস্তারিত আলোচনা সাপেক্ষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ**

বিবিধ-১ঃ এসডিএফ কর্তৃক বর্তমানে বাস্তবায়নাধীন এনজেএলআইপি প্রকল্পের আঞ্চলিক পর্যায়ে নৈতিকতা কমিটি পূনর্গঠন করা হবে এবং জেলা ও ক্লাষ্টার পর্যায়ে নৈতিকতা কমিটি গঠন করা হবে।

বিবিধ-২: নথি বিন্যাসকরণ বিষয়ে প্রশিক্ষণের জন্য অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপসচিব জনাব মৃত্যুঞ্জয় সাহার সাথে যোগাযোগের মাধ্যমে সুশাসন ও জবাবদিহিতা বিভাগ সিবি সেলের সহযোগিতায় এক দিনের কর্মশালার আয়োজন করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় নৈতিকতা কমিটির সম্মানিত আহ্বায়ক এবং সভার সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**এ জেড এম সাখাওয়াত হোসেন**
ব্যবস্থাপনা পরিচালক
এবং
আহ্বায়ক, এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি